10 Balasal - Sale Book I deed No - 8827/02

10 Rs.




F(I) + F(II) 4-00

609/1027

608, 609/1028

DP-24.12.

S(9) 3-15

S(6) 4-50

xiv 7-00

14-65

(D.S.R.-II)

No - 8827-02

[illegible] ৯০২০৬৬
[illegible]
[illegible] ২৪/১২/২০০২
[illegible]
[illegible]
[illegible]

**FEES PAID**

| | |
|---|---|
| F (i) + F (ii) Rs. — | 2.00 |
| G (a) + G (b) Rs. — | |
| Stamp Rs — | 7.65 |
| Xeroxing Rs. — | 10.00 |
| Plan fee Rs. — | 7.00 |
| S. Paper Rs — | |
| C. F. S. Rs. — | 10.00 |
| Total Rs. | 36.65 Paise only |

Copy prepared, Sealed, Signed & delivered to the applicant as per

Copy No. 2609/1027

R. Sinha
District Sub-Registrar - II
North 24-Parganas
24.12.02

Seal of Office of the District Registrar ... North 24 Parganas, Barasat (D.S.R.-II)

INDIA NON JUDICIAL

Rs 20000

02CC 493655

থানা-বারাসাত, মৌজা-আলগড়িয়া
জে. এল. নং-৫, দাগ নং-৬০৮, ৬০৮
বিক্রিত ভূসম্পত্তি১৭৫শতক

# "শুভ—সাফ বিক্রয় কোবালা দলিল"

মূল্যমান মং ৭,০০,০০০.০০ সাত লক্ষ টাকা মাত্র

Deficit Stamp duty of Rs 76561
has been realised on 24.12.02
as per Banker's Cheque /
Bank Draft No
Date

ক্রেতা :— শ্রীমতী শেফালী ঘোষ, স্বামী-শ্রী গোবিন্দ চন্দ্র ঘোষ, সাকিন-৪৫৫, পি. কে গুহ রোড, থানা-দমদম, জেলা-উত্তর ২৪ পরগনা, কোলকাতা-৭০০ ০২৮, জাতি-হিন্দু, পেশা-গৃহকার্য্য ও ব্যবসাদি।

বিক্রেতা :— ১। মোসাম্মাৎ মনোয়ারা বেগম, স্বামী-আবদুল হালিম, সাকিন-খণ্ডশরকরা, ডাকঘর-আড়খালি, থানা-আমডাঙ্গা, জেলা-উত্তর ২৪ পরগনা, ২। মোসাম্মাৎ সাহানারা বেগম, স্বামী-শফিউদ্দিন মোল্লা, সাকিন-৩০, আখড়া রোড, ডাকঘর-রটতলা, থানা-

(D.S.R.-II)

26 ... 3

Sold to ... Ghosh

of ... P. K. Guha Road

Kol - 28

Calcutta Collectorate Treasury

Date 28-11-

Presented for Registration at ... A.M. ... on the ... 3rd ... day of ... Dec ... at ... of the Sadar ... Office at Barasat by ... Mahajan ...

... of Sk. Executant / Claimant.

Identified by ... of ... P.S. ... Dist. North 24 Parganas By ... Hindu/Muslim/Christian By Profession ...

13129

13130

3 DEC 2002

13131

13132

13133

Registrar u/s 7 (2) ... 24-Parganas (D.S.R. - II)

Identified by ... of ... P.S. ... Dist. North 24 Parganas By ... Hindu/Muslim/Christian By Profession ...

Registrar ... 24-Parganas (D.S.R. - II)

3 DEC 2002

भारतीय गैर न्यायिक

Rs 20000 Rs

बीस हजार रुपये

RUPEES

20000

रुपये

Rs 20000 Rs INDIA NON JUDICIAL Rs 20000 Rs

02CC 193656

(২)

মেটিয়াব্রুজ, কোলকাতা-৭০০ ০১৮, ৩। মোসাম্মাৎ জাহানারা বেগম, স্বামী-আবদার রহমান, সাকিন-আড়খালি, ডাকঘর-আড়খালি, থানা-আমডাঙ্গা, জেলা-উত্তর ২৪ পরগনা, ৪। মোসাম্মাৎ রেহেনা বিবি, স্বামী-জামসেদ আলি, সাকিন-সিমিবড়া, ডাকঘর-কাজিপাড়া, থানা-বারাসাত, জেলা-উত্তর ২৪ পরগনা, ৫। মোসাম্মাৎ রাফিকুন নাহার, স্বামী-প্রয়াত স্বামী এনছান আলী গাজী, সাকিন-আলগড়িয়া, ডাকঘর-ন'পাড়া, থানা-বারাসাত, জেলা-উত্তর ২৪ পরগনা, সকলের জাতি-মুসলমান, পেশা-গৃহকার্য্যাদি।

---

কস্য রায়ত স্বত্ব বিশিষ্ট স্থাবর সম্পত্তির শুভ সাফ বিক্রয় কোবালা দলিলপত্র মিদং কার্য্যাঞ্চাগে ঃ—

জেলা উত্তর ২৪ পরগনা, থানা বারাসাত, এ. ডি. এস. আর অফিস কদম্বগাছির এলাকাধীন, পরগনা আনোয়ারপুরের সামিল, জে. এল. নং ৫, রেঃ সাঃ নং ৭৯, মৌজা আলগড়িয়া গ্রামে অবস্থিত ৬০৮ দাগের শালি ৭০ শতক ভূসম্পত্তি ও ৬০৯/৬২৮ দাগের শালি ৩১ শতক ভূসম্পত্তি, একুনে ১.০১ একর ভূসম্পত্তি সহ অপরাপর ভূসম্পত্তিতে আমাদের পূর্বাধিকারী আলগড়িয়া নিবাসী এনছান আলী গাজী ও তদীয় ভ্রাতা আফছার আলী গাজী তুল্যাংশে স্বত্বদখল পরিচালনা করিতে থাকাবস্থায় হাল এল আর জরিপে আমাদের পূর্বাধিকারী এনছান আলী গাজীর স্বত্বাংশের ভূসম্পত্তি এল আর ১২৯নং খতিয়ানে

Sl. No. 26553

Sold to ...............................

Calcutta Collectorate,
Treasury
Date 26/11/2002

Stamp Vendor

Registrar u/s 7 (2)
North 24-Parganas
(D.S.R.-II)

3 DEC 2002

ভারতীয় গৈর ন্যায়িক

Rs20000

বীস হজার রুপয়ে

RUPEES

২০০০০

রুপয়ে

INDIA NON JUDICIAL

Rs20000

02CC 193657

(৩)

নিজ নামে স্বত্বলিপি প্রস্তুত করতঃ প্রোক্ত ভূসম্পত্তি ভোগদখলের সুবিধার্থে উহার আকৃতি প্রকৃতি অবস্থান গুণগত মান ও সর্বোপরি আপোষ মীমাংসার কনসিডারেশানের কথা বিবেচনা করিয়া তাহা আপোষে বিভাগ বন্টন করিয়া লয়েন। আপোষ বিভাগ বন্টন মতে প্রাপ্ত ভূসম্পত্তিতে স্বত্বদখল পরিচালনা করিতে থাকাবস্থায় আমাদের পুর্বাধিকারী পরলোকগমন করিলে প্রোক্ত ভূসম্পত্তি সহ অপরাপর ভূসম্পত্তি সিরাজুল ইসলাম গাজী, নজরুল ইসলাম গাজী, আজিজুল ইসলাম গাজী, আকরাম আলি গাজী, এনামুল আলি গাজী, রেজাউল করিম গাজী তদীয় পুত্র স্বরূপে, অত্র কোবালা দলিলের ১ হইতে ৪নং বিক্রেতাগণ আমরা তদীয় কন্যা স্বরূপে ও ৫নং বিক্রেতা আমি তদীয় পত্নী স্বরূপে তাহা উত্তরাধিকারী সূত্রে প্রাপ্ত হইয়া উহাতে স্বত্ববান স্বত্ববতী ও এজমালে দখল পরিচালনা করিতে থাকাবস্থায় আমাদের ভোগদখলের সুবিধার্থে উহার আকৃতি প্রকৃতি অবস্থান গুণগত মান ও সর্বোপরি আপোষ মীমাংসার কনসিডারেশানের কথা বিবেচনা করিয়া তাহা আপোষে বিভাগ বন্টন করিয়া লইয়াছি। তদানুযায়ী আমাদের প্রাপ্ত ভূসম্পত্তিতে আমরা এযাবৎকাল অন্যের বিনা স্বত্বসংশ্রবে নির্ব্যূঢ় স্বত্বে স্বত্ববতী ও সর্বসাধারণের জ্ঞাতসারে এজমালে দখল পরিচালনায় নিয়ত আছি এবং উহাতে আমাদের সর্বপ্রকারের হস্তান্তরযোগ্য উত্তম স্বত্ব ও অধিকার রহিয়াছে।

এক্ষণে আমাদের নানাবিধ বৈধ ও সংগত কারণে নগদ টাকার একান্ত আবশ্যক হওয়ায় আমাদের

20.5.01

Calcutta Collectorate Treasury

26/11/01

4c 80/...

Registrar u/s 7 (2)
North 24-Parganas
(D.S.R.-III)

3 DEC 2002

भारतीय गैर न्यायिक

Rs 20000 बीस हजार रुपये RUPEES 20000 रुपये Rs 20000

INDIA NON JUDICIAL

Seal of Office of the District Registrar, North 24 Parganas, Barasat (D.S.R.-II)

02CC 493658

(৪)

স্বত্বাখেলীয় তপশীল বর্ণিত চিহ্নিত চৌহদ্দিযুক্ত ও সঙ্গীয় নক্সায় লাল রেখা দ্বারা বেষ্টিত অংশে প্রদর্শিত কমবেশি ১৭.৫৩ শতক পরিমিত ভূসম্পত্তি মায় যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সহ বিক্রয় করিবার ঘোষণা করিলে আপনি ক্রেতা তাহা লোকপরম্পরায় অবগত হইয়া উপস্থিত ক্রেতাগণের মধ্যে বর্তমান বাজারের উচিৎ মূল্য মং ৭,০০,০০০.০০ সাত লক্ষ টাকা পণে খরিদ করিতে ইচ্ছা প্রকাশ করায় আপনার প্রস্তাবিত মূল্যই সময়োচিত সর্বোচ্চ বাজার পণ বিবেচনায় আমরা তাহাতে সম্মত হইয়া পণের লিখিত সমুদয় টাকা আপনার নিকট হইতে বুঝিয়া পাইয়া আপনার অনুকূলে অদ্যকার তারিখে অত্র সাফ বিক্রয় কোবালা দলিল লিখিয়া দিয়া বিক্রিত ভূসম্পত্তি হইতে চিরতরে নিঃস্বত্ব ও দখলত্যাগী হইলাম। বিক্রিত ভূসম্পত্তিতে আমাদের যাহা কিছু স্বত্ব সামিত্ব দখল লভ্যাধিকার ও হক হকিয়াতাদি ছিল বা আছে কি জন্মিয়াছে তদ্‌সমুদয় অদ্য হইতে বিলুপ্ত হইয়া নিব্যূঢ় স্বত্বে আপনার প্রতি বর্তাইল। আপনি অদ্য হইতে আমাদের বিক্রিত ভূসম্পত্তির যাবতীয় স্বত্বে স্বত্ববতী দখলে দখলকারিনী ও হকে হকদারিনী হইয়া বর্তমান মালেক সেরেস্তায় আপনার নিজ নামপত্তন করতঃ সন সন মালেকের করাদি আদায় সহকারে যদৃচ্ছাক্রমে দান, বিক্রয়, হস্তান্তর, রূপান্তর, বিলি, ইজারা ইত্যাদি যাবতীয় প্রকার স্বত্ব ও ক্ষমতা পরিচালনাপূর্বক পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ ক্রমে চিরকাল পরম সুখে ভোগ দখল করিতে থাকুন। তাহাতে কস্মিনকালেও আমরা কিম্বা আমাদের কোন ওয়ারিশানগণ কেহ কখনও কোন প্রকার দাবীদাওয়া বা ওজর আপত্তি করিব না বা করিবে না। যদি কেহ কখনও কোন প্রকার দাবী দাওয়া বা ওজর আপত্তি করি কিম্বা করে

Sl. No. 26557

Sold to ...

Calcutta Collectorate,
Treasury

Date 26-11-2002

4c 8.6.2002

Registrar u/s 7 (2)
North 24-Parganas
(D. S. R.-III)

3 DEC 2002

(৫)

তাহা হইলে উহা সর্বত্র সর্বাদালতে বাতিল ও না মঞ্জুর হইয়া অদ্যকার তারিখে অত্র কোবালা দলিল বলে আমাদিগের কর্তৃক আপনার অনুকূলে দত্তাস্বত্ব প্রবল ও কার্য্যকরী থাকিবেক ।

বিক্রিত ভূসম্পত্তি আমরা ইতিপূর্বে কোনপ্রকার হস্তান্তর করি নাই বা বন্ধকাদি দিই নাই, কাহারও জামিনের চার্জস্বরূপ অর্পণ করি নাই, কাহারও নিকট হইতে অগ্রিম বায়না গ্রহণ করি নাই, আপনি ব্যতীত অপর কাহারও সহিত বিক্রয়ের চুক্তিতে আবদ্ধ হই নাই। ল্যাণ্ড এ্যাকুইজিশান আইনানুসারে সরকার বাহাদুর স্বয়ং কর্তৃক কিম্বা কোন সমবায় সমিতি কর্তৃক বা কোন সংঘবদ্ধ প্রতিষ্ঠানের নিমিত্তে ইহা অধিগৃহীত হয় নাই। ইহার অপর কোন শরীক নাই। ইহা কোন আদালতের ক্রোকাবদ্ধ ভূসম্পত্তি নহে। ইহার উপর কোন আদালত হইতে স্থায়ী বা অস্থায়ী নিষেধাজ্ঞা আরোপিত হয় নাই। ইহা কোন পীরোত্তর বা দেবোত্তর ভূসম্পত্তি নহে। ইহার সীমানা সহরদ্দ লইয়া কাহারও সহিত বিরোধ নাই। সম্পূর্ণ নির্দায় নির্দোষ ও মুক্তাবস্থায় আমাদের খাসদখলে থাকাকালীন আপনার অনুকূলে বিক্রয় হস্তান্তর করিয়া উহার খাসদখল আপনাকে বুঝাইয়া দিলাম।

প্রকাশ থাকা আবশ্যক যে বিক্রিত ভূসম্পত্তি সম্পর্কে কোন অফিস আদালত কিম্বা রেজিস্ট্রি অফিসে তল্লাসী না করিয়া আমাদের কথায় সরল বিশ্বাসে আপনি উহা খরিদ করিলেন। পরিণামে কোন প্রকার শঠতা তঞ্চকতা প্রকাশ পাইলে আইনতঃ দায়ী ও দণ্ডনীয় হইব। যদ্যপি আমাদিগের কর্তৃক কোনপ্রকার শঠতা তঞ্চকতা অবলম্বন প্রকাশ পায় কিম্বা আমাদের স্বত্ব দখলের দোষ-ত্রুটির কারণে আপনার খরিদা স্বত্ব দখলে কোনপ্রকার বিঘ্ন সৃষ্টি বা কোন জটিলতার উদ্ভব হয় তাহা হইলে আমরা মায় ওয়ারিশানগণক্রমে যেকোন সময়ে ক্ষতিপূরণ সহ পণের লিখিত সমুদয় টাকা আপনাকে আপোষে ফেরৎ দিতে বাধ্য রহিলাম ও রহিল। নিজ নিজ ইচ্ছায় আপোষে তাহা ফেরৎ দিতে অস্বীকার করিলে আদালতযোগে আমাদের স্বত্বদখলীয় অপরাপর ভূসম্পত্তি ক্রোকাবদ্ধ করতঃ নিলাম বিক্রয় করিয়া তাহা আদায় লইতে পারিবেন।

অত্র কোবালা দলিলে পরবর্তীতে কোনপ্রকার ভুল ভ্রান্তি পরিলক্ষিত হইলে তজ্জন্য আপনার খরচে আপনার অনুকূলে আপনার তলব মতে যেকোন সময়ে আমরা মায় ওয়ারিশানগণ ক্রমে আবশ্যকীয় ভ্রম সংশোধন দলিল সম্পাদন ও রেজিস্ট্রি করিয়া দিতে বাধ্য রহিলাম ও রহিল। নিজ নিজ ইচ্ছায় তাহা

Office of the District Registrar ★ North 24 Parganas

(O.S.R.-II)

Registrar u/s 7 (3)
Dist. 24-Parg
(L. 3. ...)

(৬)

করিয়া দি ত অস্বীকার করিলে আদালতযোগে উহা করাইয়া লইতে পারিবেন।

আংশিক বিক্রয়হেতু বিক্রিত ভূসম্পত্তি সংক্রান্ত মূল দলিল দস্তাবেজ ও অন্যান্য কাগজপত্রাদি সমস্তই আমাদের হেফাজতে রহিল। প্রয়োজনে আপনাকে দর্শাইতে কিম্বা আপনার হেফাজতে প্রদান করিতে বাধ্য রহিলাম।

বিক্রিত ভূসম্পত্তি সংক্রান্তে পরবর্তীতে কোনপ্রকার মামলা মোকদ্দমার উদ্ভব হইলে আমরা মায় ওয়ারিশানগণ ক্রমে আপনার অনুকূলে সাক্ষ্য প্রমাণাদি দিতে বাধ্য রহিলাম। আমাদের সাক্ষ্য প্রমাণাদির অভাবে আপনার কোনপ্রকার ক্ষয়ক্ষতি হইলে সমূহ ক্ষতিপূরণ দিতে বাধ্য রহিলাম।

এতদ্ব্যতীত আপনার খরিদা ভূসম্পত্তির স্বত্ব দখল সুদৃঢ় ও কায়েম করিবার নিমিত্ত আপনাকে আমরা সর্বতোভাবে সর্বপ্রকারের সহায়তা ও সহযোগিতা করিতে বাধ্য রহিলাম।

এতদার্থে সুস্থ শরীরে স্থির মস্তিষ্কে অত্র কোবালা দলিলের লিখিত মর্ম ও ভাবী ফলাফল সম্যক অবগত হইয়া পণের লিখিত সমুদয় টাকা আপনার নিকট হইতে বুঝিয়া পাইয়া অন্যের বিনা প্ররোচনায় ইসাদীগণের সমক্ষে অত্র কোবালা দলিলে সহি সম্পাদন করিলাম। ইতি সন বাংলা ১৪০ সালের ১২ই অগ্রহায়ন, ইংরাজী ২৯ / ১১ /২০০২ সাল।

## তপশীল বিক্রিত ভূসম্পত্তির পরিচয়

জেলা উত্তর ২৪ পরগনা, থানা বারাসাত, এ. ডি. এস. আর অফিস কদম্বগাছির এলাকাধীন, পরগনা আনোয়ারপুরের সামিল, জে. এল. নং ৫, রেঃ সাঃ নং ৭৯, মৌজা আলগড়িয়া গ্রামে ১৪৬নং তৌজির বর্তমান মালেক মহামান্য পঃ বঃ রাজ্য সরকার পক্ষে উত্তর ২৪ পরগনা জেলার কালেক্টর বাহাদুর অধিকারে রায়ত স্বত্বদখলীয় একজমার রিভিশন্যাল সেটেলমেন্টের খতিয়ান হইতে হাল এল.আর ১২৯নং খতিয়ানভুক্ত ঃ—

৬০৮ ছয়শত আট দাগে শালি ৭০ শতক মধ্যে ৩৫ শতক ভূসম্পত্তি

৬০৯/৬২৮ ছয়শত নয় বাটা ছয়শত আঠাশ দাগে শালি ৩১ শতক মধ্যে ১৬ শতক ভূসম্পত্তি

Seal of the Office of the District Registrar ★North 24 Parganas

(D.S.R.-II)

Registrar u/s 7 (2)
North 24-Parganas
(D.S.R.-II)

(D.S.R.-II)

(৭)

একলপ্তে উভয় দাগের ১.০১ একর পরিমিত ভূসম্পত্তির মধ্য হইতে আপোষ বন্টক মতে প্রাপ্ত ও কৃতচিহ্নিত মতে দখলীয় ৫১ শতক পরিমিত ভূসম্পত্তি, তন্মধ্যে আমাদের কৃতচিহ্নিত মতে দখলীয় চিহ্নিত চৌহদ্দিযুক্ত ও সঙ্গীয় নক্সায় লাল রেখা দ্বারা বেষ্টিত অংশে প্রদর্শিত কমবেশি ১৭.৫৩ সতের দশমিক তিপ্পান্ন শতক পরিমিত ভূসম্পত্তি মায় যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সহ অত্র কোবালা দলিলভুক্ত হইল। সঙ্গীয় নক্সা অত্র কোবালা দলিলের একাংশ বলিয়া পরিগণিত হইবে। ইহার হারাহারি বার্ষিক খাজনা পশ্চিমবঙ্গ ল্যাণ্ড হোল্ডিং রেভিনিউ আইন মতে ধার্য্য হইবে। ইহা খিলকাপুর গ্রামপঞ্চায়েতের অধীন ভূসম্পত্তি হইতেছে।

## চৌহদ্দি

উত্তরে : সিরাজুল ইসলাম গাজী দিং

পূর্বে : কৃষ্ণনগর রোড

দক্ষিণে : রহমতউল্লাহ গাজী দিং

পশ্চিমে : মোসাম্মাৎ সাইদা বিবি

মোসাবিদাকারক :—

Sankar Chandra Mondal

শঙ্কর চন্দ্র মণ্ডল
এ্যাডভোকেট
জজকোর্ট বারাসাত
উত্তর ২৪ পরগনা
এনরোলমেন্ট নং-এফ-২৫৯/২৪৬/৯১

ইসাদী :—

১।

২।

পেজার কম্পোজড্ বাই :—

সরদার মনোজ নারায়ন

সরদার মনোজ নারায়ন
বারাসাত, উত্তর ২৪ পরগণা

True copy

District Sub-Registrar-II
North 24 Parganas, Barasat
24.12.07

Sinni by …
24. 12. 07

Seal of Office of the District Registrar
(D. S. R. - II)
(D. S. R. - II)
3 DEC 2002
Seal of Office of the District Registrar
(D. S. R. - II)